

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৪.০৬.০০১.২৪.১২১

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২০ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে সরাসরি আবেদন দাখিল/প্রেরণ সংক্রান্ত।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অফিসসমূহের কোন কোন কর্মকর্তা/কর্মচারী, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বিভিন্ন পর্যায়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকাবৃন্দ, ম্যানিজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি/সদস্য বিধি বহির্ভূত ব্যক্তিগত অভিযোগ/এমপিও সংশ্লিষ্ট আবেদনসহ অন্যান্য আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে সরাসরি আবেদন দাখিল/প্রেরণ করে থাকেন। এরূপ সরাসরি প্রেরিত আবেদনের প্রেক্ষিতে কার্যক্রম/ব্যবস্থা গ্রহণের বিধিগত সুযোগ নেই। এ জাতীয় আবেদন করার কারণে এ বিভাগের দৈনন্দিন কাজ ব্যাহত হচ্ছে।

২। এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কোন কর্মকর্তা/কর্মচারী, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বিভিন্ন পর্যায়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকাবৃন্দ, ম্যানিজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি/সদস্যকে বিধি বহির্ভূত ব্যক্তিগত অভিযোগ/এমপিও সংশ্লিষ্ট আবেদনসহ অন্যান্য আবেদন যথাযথ কর্তৃপক্ষ ব্যতিত সরাসরি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করা হতে বিরত থাকার জন্য এতদ্বারা নির্দেশ প্রদান করা হলো।

৩। সরকারি বিধি বিধানের আলোকে আগত পত্রসমূহ এর আওতা বহির্ভূত থাকবে।

স্বাক্ষরিত/-

তারিখ: ১৭/০৫/২০২৫

(সিদ্দিক জোবায়ের)

সিনিয়র সচিব


নং-৩৭.০০.০০০০.০৭৪.০৬.০০১.২৪.১২১

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২০ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, রমনা, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৫. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৬. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৮. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৯. ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন (বিএনসিইউ), ঢাকা।
১০. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ধানমন্ডি, ঢাকা।
১২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), মতিঝিল, ঢাকা।
১৩. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৪. পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
১৬. জেলা প্রশাসক(সকল)।
১৭. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,...(সকল অঞ্চল)।
১৯. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, নীলক্ষেত, ঢাকা।
২১. সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট, নীলক্ষেত, ঢাকা।
২২. সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,...(সকল অঞ্চল)।
২৪. জেলা শিক্ষা অফিসার ..(সকল)।
২৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
২৬. লাইব্রেরিয়ান, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে পরিপত্রটি সংরক্ষণের অনুরোধসহ)।
২৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।


20.05.20
(সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী)
উপসচিব